

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

www.moa.gov.bd



স্মারক নম্বর: ১২.০০.০০০০.০১২.৩২.০০২.১৬.৪৯৩

তারিখ: ১ আষাঢ়, ১৪২৭

১৫ জুন ২০২০

বিষয়: বর্তমান করোনা পরিস্থিতিতে আইসিটি বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে চালুকৃত 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ ব্যবহারের উদ্যোগ গ্রহণ।

সূত্র: ৫৬.০০.০০০০.০২৯.৩২.০০৩.২০.৫৪ ০৬ জুন ২০২০

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কোভিড -১৯ নামক করোনা ভাইরাস বৈশ্বিক দুর্যোগ হিসেবে সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে। বাংলাদেশেও ক্রমাগত করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা এবং মৃত্যুর হার- দুটোই বৃদ্ধি পাচ্ছে। সারাদেশে করোনা ভাইরাসের বিস্তার রোধে নাগরিকদের জন্য আইসিটি বিভাগ 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ তৈরি করেছে। স্বাস্থ্য অধিদপ্তর, আইইডিসিআর, এটুআই, এসডিএমজিএ ও সহজ লিমিটেড-এর সহযোগিতায় তৈরিকৃত অ্যাপটি করোনা পজিটিভ ব্যক্তিদের শনাক্ত করার চেষ্টা করবে এবং পারস্পরিক সংস্পর্শে আসা ব্যক্তিদের ঝুঁকি সম্পর্কে অবহিত করবে। এক-দুই মিটারের মধ্যে থাকা করোনা ভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের হিন্দ্রিগুলো ডাটাবেজে পাঠাবে। কেউ যদি আক্রান্তের কাছাকাছি চলে যায় তাহলে সে স্মার্টফোনে অ্যালার্ট ম্যাসেজ পাবে। এছাড়া সংস্পর্শে আসা ব্যক্তির যদি কয়েক দিন পরও করোনা পজিটিভ হয় তাহলেও স্মার্টফোন থেকে সতর্কবার্তা পাওয়া যাবে। স্মার্টফোন থেকে (<https://play.google.com/store/apps/details?id=com.shohoz.tracer>) এই লিংকে ক্লিক করে অ্যাপটি ডাউনলোড করা যাবে।

৩। এমতাবস্থায়, উক্ত অ্যাপটি তাঁর অধিদপ্তর/দপ্তরসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে ব্যবহারের নির্দেশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-৬-২০২০

সোনা মনি চাকমা

উপসচিব (রুটিন দায়িত্ব)

বিতরণ :

- ১) কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা প্রধান গণ
- ২) কৃষি মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ ও সকল শাখা/অধিশাখা

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০১২.৩২.০০২.১৬.৪৯৩/১

তারিখ: ১ আষাঢ়, ১৪২৭

১৫ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়

১৫-৬-২০২০

সোনা মনি চাকমা

উপসচিব (রুটিন দায়িত্ব)